গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রোগ্রামার এর কার্যালয়
www.doict.jessore.gov.bd

## জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ তমিজুল ইসলাম খান<br>জেলা প্রশাসক, যশোর ও সভাপতি, জেলা আইসিটি কমিটি, যশোর। |
| সভার তারিখ | ২৭ ফেব্রুয়ারি ২০২২ |
| সভার সময় | সকাল: ১০.০০ টা। |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর সম্মেলন কক্ষ-১ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত

১.১: জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন:

| ক্র: নং | কর্মকর্তা | ইউডিসিপরিদর্শন | |
|---|---|---|---|
| | | পরিদর্শন | দর্শন |
| ১. | জেলা প্রশাসক, যশোর | ০২টি | ০২টি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর | ০৩টি | ০২টি |

১.২ উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য:

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসি এর সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসি এর মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| ১ | যশোর সদর | ২৮/০২/২০২২ | হ্যাঁ | ১৫ | ২ | ২ | ১,৫০,২২৮ | ৫৬৪০ | |
| ২ | বাঘারপাড়া | ২৪/০২/২০২২ | হ্যাঁ | ১০ | ৩ | ২ | ৩০,৪৩০ | ১০৫৪ | |
| ৩ | চৌগাছা | ২৬/০২/২০২২ | হ্যাঁ | ১১ | ২ | ২ | ৮২,৫৫০ | ৩৬২০ | |
| ৪ | কেশবপুর | ২৩/০২/২০২২ | হ্যাঁ | ১১ | ৩ | ২ | ১,০৮,৮৫২ | ৫২৯৩ | |
| ৫ | মনিরামপুর | ২৩/০২/২০২২ | হ্যাঁ | ১৭ | ৩ | ৫ | ১০৬২৩২ | ৫৬৩৩ | |
| ৬ | শার্শা | ১৭/০২/২০২২ | হ্যাঁ | ১১ | ২ | ২ | ১,৩০,০৯০ | ৩১০৫ | |
| ৭ | অভয়নগর | ৩১/০১/২০২২ | না | ৯ | - | - | ১,০৭,২৮৫ | ৫৬০৮ | |
| ৮ | ঝিকরগাছা | ২৭/০৪/২০২০ | না | ১১ | - | - | - | - | |

১.৩ মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেম এর ফেব্রুয়ারি/২০২২ মাসের প্রতিবেদনঃ

| উপজেলার নাম | মোট মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | নিজ উদ্যোগে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | সচল মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা (%) | মোট ক্লাস | পারফরমেন্স (%) |
|---|---|---|---|---|---|
| যশোর সদর | ১৩৯ | ২৪ | ১০০ | ৯৪৬ | ৭.২ |
| শার্শা | ৭৫ | ১৭ | ১০০ | ১৬৮ | ৩.১ |
| মনিরামপুর | ১৬০ | ১ | ৯৯ | ৪৫০ | ৩.৫ |
| অভয়নগর | ৬৬ | ২ | ১০০ | ১৭৯ | ৩.৩ |
| চৌগাছা | ৮৫ | ২২ | ১০০ | ২৯৫ | ৬.৯ |
| ঝিকরগাছা | ৭৫ | ০ | ১০০ | ৬২৮ | ৭.৯ |
| কেশবপুর | ৯৩ | ২ | ১০০ | ৩৭৪ | ৩.৪ |
| বাঘারপাড়া | ৯৬ | ২ | ১০০ | ১৬৪ | ২.৪ |
| **সারাংশ** | **৭৮৯** | **৭০** | **৯৯%** | **৩২০৪** | **৪.৭** |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জেলা আইসিটি কমিটির সভায় জানুয়ারি/২০২২ মাসের কার্যক্রম নিয়ে আলোচনা হয়।

২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ | (ক) দাপ্তরিক সচ্ছতা নিশ্চিতের লক্ষ্যে জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ রাখতে হবে। কিন্তু সম্প্রতি ওয়েবপোর্টালে লগইন করতে সমস্যা হচ্ছে; সমস্যাটি সমাধানের নিমিত্তে এ কার্যালয় হতে এটুআই এর ন্যাশনাল পোর্টাল টিম বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।<br>(খ) যেসব অফিস এখনো শতভাগ পোর্টাল হালনাগাদ করেনি সেসব অফিসের হালনাগাদের অবস্থার স্ক্রিনশট নিয়ে উক্ত অফিসকে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।<br>একইসাথে, যেসব অফিসসমূহে শতভাগ হালনাগাদ রয়েছে তাদেরকে ধন্যবাদ পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) ও স্ব স্ব দপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি | হার্ড-ফাইলের পরিবর্তে ই-ফাইলে কাজ করার প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে সকলকে এ বিষয়ে আরো যত্নবান হতে হবে। যেসব দপ্তর ই-নথি ব্যবহারে আগ্রহী নয়, তাদের জেলা দপ্তর থেকে উপজেলা দপ্তরকে এ বিষয়ে তাগিদ পত্র প্রেরণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।<br>এছাড়া, এ বছরের শেষ নাগাদ ই-নথির নতুন ভার্সন ডি-নথি চালু হবে; বিষয়টি সকলকে অবহিত করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর ও স্ব স্ব দপ্তরের অফিস প্রধানগণ |
| ২.৩ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | স্ব স্ব দপ্তরের সরকারী ই-মেইলে অনেক গুরুত্বপূর্ণ চিঠিপত্র আসে। সচিবালয়ের নির্দেশনা- ২০১৪ মোতাবেক চিঠিপত্র প্রেরণের ক্ষেত্রে পর্যায়ক্রমে ই-নথি/ই-মেইল ব্যবহার করতে হবে। এবং পত্রের নীচে অবশ্যই ইমেইল ও ফোন নম্বর যুক্ত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জেলা ও উপজেলার সকল দপ্তর প্রধানগণ |
| ২.৪ | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান | ডিজিটাল যশোর জেলার ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান এবং সভার রেজুলেশন প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |
| ২.৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | (ক) এ জেলার স্কুল ও কলেজগুলোতে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব কতটি স্থাপিত হয়েছে? কতটি হবে? এ বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করতে হবে। একাডেমিক সুপারভাইজার, মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত ভিজিট করে হালনাগাদ প্রতিবেদন প্রেরণ করবে।<br>(খ) ল্যাবগুলোর আধুনিকায়ন ও পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে স্কুলগুলোর নিজস্ব ফান্ড ব্যবহারের নির্দেশনা দেওয়া হয়, এছাড়া উক্ত ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত এবং সরকারের মহৎ উদ্দেশ্য বাস্তবায়নে অগ্রগামী হতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর এবং সংশ্লিষ্ট এসআরডিএল শিক্ষক |
| ২.৬ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | (ক) করোনাকালীন মাল্টিমিডিয়া ক্লাসরুমে ক্লাস আরো বেশি হওয়ার কথা কিন্তু তথ্য বাতায়নে তা আপলোড করা হয়নি, এ বিষয়ে আরো যত্নবান হতে শিক্ষকগণকে আহ্বান জানানো হয়।<br>(খ) মাল্টিমিডিয়া ক্লাসরুম বৃদ্ধি ও মাল্টিমিডিয়া ক্লাসের তথ্য নিয়মিত আপলোডের জন্য জেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>(গ) স্কুল/কলেজ গুলোতে শিক্ষকদেরকে আইসিটি প্রশিক্ষণ দিতে হবে এবং ল্যাবগুলোতে সকল ছাত্র-ছাত্রীদের প্রবেশ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা কর্মকর্তা, যশোর ও প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, যশোর |
| ২.৭ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত | (ক) স্ট্যান্ডার্ড ডিজিটাল সেন্টার তৈরীর লক্ষ্যে- সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করতে হবে, সেবার মূল্য তালিকা দেয়ালে লাগাতে হবে, রেজিস্টার সমূহ হালনাগাদ রাখতে হবে, সরকারের উন্নয়নমূলক চিত্রের ব্যানার প্রিন্ট করে দেয়ালে লাগাতে হবে এবং ইউডিসিগুলোতে পরিদর্শন রেজিস্টার রাখতে হবে, আয়ের তথ্য পোর্টালে হালনাগাদ করতে হবে। এসব কাজ না করলে তাদেরকে 'কারন দর্শানোর নোটিশ' দেওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। এ বিষয়ে ইউএনও (সকল) কে মনিটরিং করার জন্য সভায় নির্দেশনা দেওয়া হয়।<br>(খ) ইউডিসি উদ্যোক্তাদের সেবা ভিত্তিক সকল উপজেলায় একক মূল্য নির্ধারণের বিষয়ে ইউএনও (মনিরামপুর) মহোদয় প্রস্তাব করেন, এই বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মহোদয় উপ-পরিচালক, স্থানীয় সরকার মহোদয়ের সাথে আলোচনা করবেন বলে সভায় জানানো হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |
| ২.৮ | ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প কর্তৃক ইন্টারনেট সংযোগের তদারকিকরণ | (ক) ত্রিপক্ষীয় চুক্তি বাস্তবায়নের মাধ্যমে এবং সরকার নির্ধারিত "এক দেশ এক রেট" অনুসরন করে (ইউডিসি উদ্যোক্তাগণ, ISP এবং NTTN) ইন্টারনেট সেবা নিতে পারবেন।<br>এছাড়া ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের কাজ ভালোভাবে চলছে; বিষয়টি সকলকে অবহিত করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), যশোর ও সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, যশোর। |
| ২.৯ | জেলার ইন্টারনেট এর তথ্য | (ক) ডিজিটাল বাংলাদেশের পূর্বশর্ত হচ্ছে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট কানেক্টেভিটি। ইন্টারনেট সংযোগ নিয়ে কোন সদস্য কোন অভিযোগ করেননি। বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য অনেক সময় ইন্টারনেট এর কেবল কাটা পড়ে এবং বিভিন্ন যন্ত্রাংশ বিকল হয়, এই বিষয়টি সম্পর্কে বিটিসিএল প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়, যাতে ইন্টারনেট সেবার মান আরও উন্নত করা যায়।<br>(খ) ইন্টারনেটের ব্যান্ডউইথ বাড়ানোর জন্য বিসিসি কে চিঠি দেওয়া হয়েছে। এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখার বিষয়ে সভায় আলোচিত হয়। | জেলা প্রশাসন, যশোর, বিভাগীয় প্রকৌশলী (টেলিকম), যশোর, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার-৩ প্রকল্প, যশোর |
| ২.১০ | প্রশিক্ষণ সংক্রান্ত | জেলা ও উপজেলা পর্যায়ের সকল কাজে আইসিটির ব্যবহার ত্বরান্বিত করার লক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ, প্রশিক্ষণ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করার বিষয় সভায় আলোচিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |
| ২.১১ | কোভিড-১৯ ভ্যাক্সিন সংক্রান্ত | অনলাইন সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ ভ্যাক্সিন প্রদানের কার্যক্রম কাজ চলমান রয়েছে। একই সাথে আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর থেকে এ সংক্রান্ত বিভিন্ন সমস্যা সমাধানের সেবা জনসাধারনকে প্রদান করা হচ্ছে। কিন্তু স্কুল-কলেজে অনেক যায়গায় হাতে লেখা নিবন্ধন করে টিকা প্রদান করেছে, তাই সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরা সনদ পাচ্ছেন না। বিষয়টি জেলা সিভিল সার্জন অফিসকে অবহিত করা হয়; এর সম্ভাব্য সমাধান করা এবং টিকা প্রদানের পূর্বেই টিকা প্রত্যাশি সকলকে অনলাইন সিস্টেমে নিবন্ধনের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে অনুরোধ করা হয়। | সিভিল সার্জন, যশোর |
| ২.১২ | সাইবার নিরাপত্তা | বর্তমানে অনলাইনে মানুষের বিচরন বেড়েছে এবং তারা বিভিন্ন ধরনের সাইবার আক্রমণের শিকার হচ্ছেন; যেমন বিকাশ প্রতারণা, সামাজিক যোগাযোগ মাধ্যমে হয়রানির শিকার ইত্যাদী। এ বিষয়ে জেলা পর্যায়ে বাংলাদেশ পুলিশ কর্তৃক একটি টিম কাজ করছে, যেকোনো সমস্যায় তাদের সহায়তা নিতে বলা হয়।<br>এছাড়াও স্কুল/কলেজে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহ পরিদর্শনকালে সকল সহকারী প্রোগ্রামারগনকে সাইবার নিরাপত্তা বিষয়ে ছাত্র-ছাত্রীদের সাথে (ল্যাব কক্ষে) সভা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | পুলিশ সুপার, যশোর, প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |
| ২.১৩ | অন্যান্য | জেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা (মাননীয় সংসদ সদস্য) মহোদয়গনের তথ্য হালনাগাদ সহ ইনভেস্টর এসোসিয়েশন, শেখ হাসিনা সফটওয়ার টেকনোলজি পার্ক, যশোর এর দুইজন প্রতিনিধি (সভাপতি ও সেক্রেটারি) কে কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত হয়। | প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, যশোর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ তমিজুল ইসলাম খান
জেলা প্রশাসক, যশোর ও সভাপতি, জেলা আইসিটি কমিটি,
যশোর।

স্মারক নম্বর: ৫৬.০৪.৪১০০.০০০.০৬.০০২.১৯.১৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্য।
২) আইসিটি কমিটির সদস্যবৃন্দ, যশোর।
৩) অফিস কপি।

মোঃ আনিছুর রহমান
প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, যশোর ও সদস্য
সচিব, জেলা আইসিটি কমিটি, যশোর